স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৫ ও জুন, ২০১৬

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

ষষ্ঠ পত্র (6th Paper : **Natak O Moncho Ebong Sahityer Rupabhed**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) 'নীলদর্পণ' নাটকটি সাহিত্যের ইতিহাস এবং রাজনীতির লড়াই — দুই ক্ষেত্রেই তাৎপর্যপূর্ণ ভূমিকার অধিকারী। নিজের ভাষায় এই দুই ক্ষেত্রে নাটকটির গুরুত্ব কোথায় বিচার করুন।

(খ) 'রথের রশি' কী ধরনের নাটক ? এই নাটকের রাজনৈতিক-সামাজিক প্রেক্ষাপটটি সংক্ষেপে আলোচনা করুন।

(গ) 'নবান্ন' বিচ্ছিন্নভাবে একটি নাটক হিসেবে তেমন উন্নত কিছু নয়, কিন্তু বাংলার সাংস্কৃতিক ইতিহাসে একটি যুগান্তকারী মুহূর্ত। — এই মন্তব্যটিকে আপনি সমর্থন করবেন না প্রত্যাখ্যান করবেন ? যুক্তিসহ নিজের মত লিখুন।

(ঘ) বাংলার নাট্য আন্দোলনের প্রথম পর্বে, ন্যাশনাল থিয়েটার প্রতিষ্ঠার পূর্বকালে বাংলার নাট্যসংস্কৃতির একটি সংক্ষিপ্ত রূপরেখা প্রস্তুত করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) ভাবকেন্দ্রিক ও রূপকেন্দ্রিক গীতিকবিতার সম্ভাব্য ধরনগুলির সংক্ষিপ্ত পরিচয় দিন।

(খ) ভক্তিমূলক নাটক আর পৌরাণিক নাটকের পার্থক্য কী ? বাংলা সাহিত্যে পৌরাণিক নাটকের একটি সংক্ষিপ্ত পরিচয় দিন।

(গ) গণনাট্য আন্দোলনের প্রস্তুতি ও বিকাশের একটি সংক্ষিপ্ত খতিয়ান প্রস্তুত করুন।

(ঘ) বস্তুনিষ্ঠ ও ব্যক্তিগত প্রবন্ধ বলতে কী বোঝায় ? উভয় ধারার প্রবন্ধের উদাহরণ উল্লেখ করে এদের স্বরূপ বিশ্লেষণ করুন।

(ঙ) 'রথের রশি' নাটকের 'রথ' এবং 'রশি' আসলে উপলক্ষ মাত্র। রচয়িতার অভিপ্রায় কেবল একটি নাটকীয় মুহূর্ত রচনায় সীমাবদ্ধ নেই। রথের রশি নাটক প্রসঙ্গে এই সমালোচনার পক্ষে ও বিপক্ষে আপনার অবস্থান স্পষ্ট করুন।

(চ) নবীনমাধব নয়, তোরাপই 'নীলদর্পণে'র সবচেয়ে আকর্ষক পাত্র। 'নীলদর্পণ' নাটকের কেন্দ্রীয় চরিত্রকে এই বিচারে হারিয়ে দিয়েছে এক ডানপিটে পার্শ্বচরিত্র। — নাটকটির এহেন চরিত্রবিচার আপনি মেনে নেবেন কিনা যুক্তিসহ লিখুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) 'আমরা হুজুর, কসায়ের কুকুর, — নাড়ীভুঁড়িতেই উদর পূর্ণ করি।' — বক্তা কে ? কাকে এ কথা বলা হয়েছে ? মন্তব্যটির তাৎপর্য বুঝিয়ে দিন। $\frac{১}{২}$ + $\frac{১}{২}$ + ৫

(খ) 'গড় করি তোমায়, দড়ি-নারায়ণ। প্রসন্ন হও।' — বক্তা কে ? কোন্ পরিস্থিতিতে এই উক্তি ? এই কথায় বক্তার যে মানসিকতা ফুটে উঠেছে তার পরিচয় দিন। $\frac{১}{২}$ + ১$\frac{১}{২}$ + ৪

(গ) 'এই তো ইতিহাস। উৎরোই আর চড়াই, চড়াই আর উৎরোই।' কে, কাকে এই কথা বলেছেন ? প্রসঙ্গটি সবিস্তার উল্লেখ করুন। ১ + ৫

(ঘ) প্রাথমিক ও সাহিত্যিক মহাকাব্য কাকে বলে ? উদাহরণসহ উভয়ের পার্থক্য বুঝিয়ে দিন। ২ + ৪

(ঙ) ঐতিহাসিক উপন্যাসের লক্ষণগুলি চিহ্নিত করুন। প্রসঙ্গত কয়েকটি সার্থক বাংলা ঐতিহাসিক উপন্যাসের উদাহরণ দিন। ৫ + ১

(চ) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় **অথবা** রাজশেখর বসুর উদ্ভট গল্পের একটি সংক্ষিপ্ত পরিচয় দিন। ৬

(ছ) কমেডি আর প্রহসনের মধ্যে মূল তফাৎ কোথায় অন্তত একটি করে রচনার উদাহরণ সহযোগে বুঝিয়ে দিন। ৬

(জ) বাংলা আখ্যায়িকা কাব্যের প্রধান ধারাগুলির উল্লেখ করুন। প্রতিটি ধারার অন্তত দুটি করে উদাহরণ দিন। ৬